Department of Education
Chancellor Richard A. Carranza

18 ডিসেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

নতুন সব চ্যালেঞ্জ ও কঠিন সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে এই বছরটি পার হয়েছে, এবং আমরা অজানা সব বাঁধা মোকাবিলার মাধ্যমে আমাদের সামগ্রিক দৃঢ়তা ও সহিষ্ণুতার পরীক্ষা দিয়েছি। কীভাবে "স্কুলে উপস্থিত হবে," সেটা থেকে শুরু করে গ্রেড প্রদানের নীতি, উপস্থিতি হিসাব রাখা, এবং বাকি সবকিছুতেই, দেশের সবচেয়ে বড় স্কুল সিস্টেম হিসেবে আমাদের শিক্ষার ভিত্তিগুলো নতুন করে ভাবতে হয়েছে।

আজ আমি আপনার সন্তানের আরেকটি মৌলিক ভিত্তি: পরবর্তী সেপ্টেম্বরে মিডল্ স্কুলে ভর্তি সম্পর্কে অবহিত করতে লিখছি। এই চ্যালেঞ্জপূর্ণ সময় মোকাবিলা করে একটি নতুন মিডল্ স্কুলে ভর্তির নীতিমালা তৈরিতে আমরা মাসের পর মাস পরিবারদের সাথে কথা বলেছি এবং সতর্কতার সাথে বিশ্লেষণ করেছি, এসময় আপনারা ধৈর্য ধারণ করায় আমি ধন্যবাদ জানাতে চাই। আসন্ন 2020-এর ফল বা হেমন্তে, এই নতুন নীতিমালা আপনার সন্তান ও তার 70,000 পঞ্চম গ্রেডের সহপাঠীদের শিক্ষা যাত্রায় আরো ভালভাবে সহায়তা করবে।

এই বছরের মিডল্ স্কুল ভর্তিতে আমরা কিছু পরিবর্তন এনেছি। এই বছরের মিডল্ স্কুল আবেদনের সময় শুরু হবে 11 জানুয়ারির সপ্তাহে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) মিডল্ স্কুলগুলো এই বছর শিক্ষার্থীদের মূল্যায়ন করতে অথবা ভর্তি করতে অ্যাকাডেমিক রেকর্ড, অথবা অন্যান্য যাচাইকারক (স্ক্রিন) ব্যবহার **করবে না**। স্কুলগুলোডিস্ট্রিক্টে বসবাসকারী শিক্ষার্থীদের অগ্রাধিকার দেবে, কারণ আমরা সিটিজুড়ে পরিবারদের কাছ থেকে মতামত পেয়েছি যা তারা বাড়ির কাছাকাছি মিডল্ স্কুলে ভর্তি হতে চায়। যদি কোনো স্কুলে লভ্য আসনের চেয়ে বেশি আবেদনকারী থাকে, তবে একটি এলোমেলো ভাবে বেছে নেয়ার লটারির মাধ্যমে অফার প্রদান করা হবে। স্বল্প সংখ্যক স্কুল যারা ইতোমধ্যে তাদের নিজস্ব বৈচিত্র্যমণ্ডিত পরীক্ষামূলক ভর্তি কর্মসূচি চালু করেছে, সেগুলো তাদের স্কুলের পরিকল্পনা অনুযায়ী অগ্রাধিকার (প্রায়োরিটি) গ্রুপের শিক্ষার্থীদের প্রথমে ভর্তি করবে।

এর কারণ নিচে দেয়া হলো।

নিউ ইয়র্ক সিটিতে প্রায় 200-টি মিডল্ স্কুল রয়েছে—এসব মিডল্ স্কুলের 40%—শিক্ষার্থীদের ভর্তিতে অ্যাকাডেমিক রেকর্ড, অডিশন, উপস্থিতি, শৃঙ্খলাজনিত রেকর্ড, বিশেষ মূল্যায়ন, ইন্টারভিউ বা সাক্ষাৎকার, অথবা অন্যান্য পরিমাপকের মাধ্যমে "যাচাইকরণ বা স্ক্রিন" ব্যবহার করে। শিক্ষার্থীরা স্কুলে ভর্তির জন্য উপযুক্ত কিনা সেই সিদ্ধান্ত গ্রহণে তারা পূর্বে শিক্ষার্থীদের চতুর্থ গ্রেডের অ্যাকাডেমিক এবং অন্যান্য রেকর্ড ব্যবহার করতো।

এই বছর, মহামারীর কারণে এই প্রচলিত যাচাইকরণ বা স্ক্রিনিং তথ্যগুলো আমাদের কাছে নেই। গত বছর স্টেট চতুর্থ গ্রেডের শিক্ষার্থীদের জন্য স্ট্যান্ডার্ডাইজড় টেস্ট পরিচালনা করেনি। গত শিক্ষা বছরটি অভাবনীয়ভাবে শেষ হবার ফলে গ্রেড প্রদানের নীতি পুনঃমূল্যায়ন করা প্রয়োজন হয়। মহামারীর কারণে সহিষ্ণুতা মোকাবিলাকারি পরিবারদের সহায়তা করার জন্য উপস্থিতি এবং অন্যান্য মূল নীতিমালা পরিবর্তন করা হয়েছে। সাধারণভাবে বলতে, এই স্ক্রিনড় স্কুলগুলো ভর্তির সিদ্ধান্ত গ্রহণে প্রচলিতভাবে যেসব মূল্যায়নের উপর নির্ভর করে সেগুলো আর লভ্য নয়।

আরো উল্লেখ্য, চ্যান্সেলর হিসেবে, আপনাদের প্রত্যেকের সন্তানদের যতটুকু সম্ভব উচ্চ-মানসম্পন্ন শিক্ষাদান করতে আমি দায়বদ্ধ, যেন তারা সফল, ফলপ্রসূ জীবন, এবং তাদের স্বপ্ন পূরণে তাদের যে দক্ষতা প্রয়োজন তা অর্জনে তারা উৎসাহিত হয়। আমাদের সিটি ও স্কুল সিস্টেমের অসমতা, যা COVID-19 স্বাস্থ্য সঙ্কটের ফলে অ-শ্বেতাঙ্গ কমিউনিটি, আমাদের ইমিগ্র্যান্ট পরিবার, সেসব শিক্ষার্থী যাদের পিতামাতারা বাড়ি থেকে কাজ করার সুযোগ পায়নি, এবং আরো অনেকের জন্য এই বছর তা আরো বৃদ্ধি পেয়েছে। যাচাইকরণ বা স্ক্রিনড় স্কুলগুলোর পরিবার, শিক্ষার্থী, ও নেতৃবৃন্দের সাথে সম্ভাব্য পরিবর্তন নিয়ে আলোচনা করেছি, তারা বহু শিক্ষার্থীর জন্য এই লক্ষ্য অর্জনে এই নীতিমালা কীভাবে বাঁধা সৃষ্টি করতে পারে তা সুস্পষ্ট করেছে, কারণ যাচাইকরণের শর্তাবলী শিক্ষার্থীর আবাসন স্থিতিশীলতা এবং আর্থিক অবস্থার সাথে নিবিড়ভাবে সম্পৃক্ত।

Department of Education
Chancellor Richard A. Carranza

সেজন্য, আমাদের শিক্ষার্থীদের প্রামানিক উপকারিতা সম্বলিত আরো অন্তর্ভুক্তিমূলক ক্লাসরুম প্রদান করা আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। এটা প্রমাণ হয়েছে যে অন্তর্ভুক্তিমূলক শিক্ষা পরিবেশ বিশ্লেষণী-চিন্তার দক্ষতা গড়ে তোলায় উৎসাহ দেয়। সেগুলো দীর্ঘ-মেয়াদে সফলতা ও জীবনের বিবিধ সুযোগে সংযুক্ত এবং বহু শিক্ষার্থীদের জন্য উচ্চতর গ্র্যাজুয়েশন অর্জন এবং সামাজিক ও পেশাগত নেটওয়ার্কে অধিকতর সংযোগ প্রদান করে।

ফলশ্রুতিতে, তথ্য-উপাত্ত ছাড়া পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের যাচাই বা স্ক্রিনিং অব্যাহত রাখা, বিশেষত এ বছরের মত একটি চ্যালেঞ্জপূর্ণ বছরে, অন্যায্য, অসমতাপূর্ণ, এবং অসমর্থনীয়।

এই পদক্ষেপ এই বছরই প্রথম বাস্তবায়ন করা হয়নি। মিডল্ স্কুলগুলোর জন্য যাচাইকরণ বা স্ক্রিন অপসারণ করা কিছু ডিস্ট্রিক্টে ইতোমধ্যেই শুরু হয়ে গেছে, যেমন ব্রুকলিনের ডিস্ট্রিক্ট 15 । ভর্তি প্রক্রিয়া সহজতর এবং আমাদের সিটি আরো ন্যায্য করা শিক্ষার্থী, পরিবার, ও স্কুলগুলোর জন্য সঠিক পদক্ষেপ, বিশেষত এই বছরের জন্য।

আপনাকে এই প্রক্রিয়া বুঝতে এবং আপনার শিক্ষার্থীদের জন্য মিডল্ স্কুলে উৎকর্ষতা অর্জনে আমাদের স্কুল ও অফিসগুলোকে নতুন পথনির্দেশনা ও রিসোর্স প্রদান করবো। এই প্রক্রিয়াটি সম্পর্কে আরো জানতে এবং আবেদনের সময় শুরু হবার আগেই আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট প্রস্তুত করতে schools.nyc.gov/middle ভিজিট করুন। MySchools.nyc আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে যোগাযোগ করতে দ্বিধা বোধ করবেন না—এই প্রক্রিয়ায় তিনি হচ্ছেন আপনার গাইড। আপনি একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারেও যোগাযোগ করতে পারেন (কীভাবে করতে হবে তা জানুন schools.nyc.gov/WelcomeCenters সাইটে) অথবা ফোন করুন 718-935-2009 নম্বরে।

এই পরিবর্তন প্রদর্শন করছে আমাদের আদর্শ কার্যে পরিণত হতে পারে, এবং কোনো নীতিমালা অথবা কার্য পন্থাই, এমনভাবে গাঁথা নয় যে আমাদের সকল ছেলেমেয়ের জন্য সংশোধন করা যাবে না। সকল শিক্ষার্থীকে পরিষেবাদানকারী স্কুলগুলো এবং একটি সিস্টেম যা সর্বোচ্চ সম্ভাব্য শিক্ষায় সম-সুযোগ প্রদান করে সেটার প্রতি আমাদের বিশ্বাস আছে। আমরা জানি আরো কাজ রয়ে গেছে, অতএব স্কুল কমিউনিটিগুলোর সাথে আমরা আরো আলোচনায় সম্পৃক্ত হবো, যেন 2021-এর সেপ্টেম্বরের পরেও যাচাই বা স্ক্রিন ব্যবহারে সম্প্রসারণ করা যায়।

শিক্ষার্থী থেকে শুরু করে সেসব পরিবার যারা বহু বছর ধরে এটার জন্য দাবি করে আসছে, যারা তাদের সন্তানদের আসন্ন ভর্তির মাধ্যমে আসন্ন মিডল্ স্কুল অ্যাডমিশন্সে প্রথমবারের মত অংশগ্রহণ করছে—আপনাদের সকলের একযোগে কাজ করার জন্য—আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাতে চাই। আপনার সন্তান—এবং তাদের 1.1 মিলিয়ন সহপাঠির প্রত্যেকে—পৃথিবীর সর্বশ্রেষ্ঠ সিটিতে সর্বোচ্চ সম্ভব শিক্ষা গ্রহণ নিশ্চিত করায় আমাদের লক্ষ্যে আমরা ঐক্যবদ্ধ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন